



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ ও উবারের মধ্যে নজিরবিহীন সেটেলমেন্ট চুক্তি ঘোষণা করলেন

চুক্তি অনুযায়ী, উবার অতীত ও ভবিষ্যতের ভাতার জন্য নিউ ইয়র্কের বেকার বীমা ট্রাস্ট তহবিলে রূপান্তরকারী বিনিয়োগ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) এবং উবার টেকনোলজিস, ইনকর্পোরেটেডের (Uber Technologies Inc.) মধ্যে একটি নজিরবিহীন সেটেলমেন্ট চুক্তি হয়েছে, যা উবার (Uber) এবং উবার ইটস (Uber Eats) চালক ও কুরিয়ারদের পক্ষে অতীত ও ভবিষ্যতের বেকার বীমাতে অবদান সংক্রান্ত সুরাহা করে। উবার নিউ ইয়র্ক স্টেট বেকার বীমা ট্রাস্ট তহবিলে (New York State Unemployment Insurance Trust Fund) ত্রৈমাসিকভাবে অর্থ পরিশোধ করবে এবং 2013 সাল থেকে যেই অর্থ বকেয়া রয়েছে সেই পূর্ববর্তী পরিমাণ বেকার বীমা ট্রাস্ট তহবিলে প্রদান করবে। নিউ ইয়র্ক হলো দেশের প্রথম স্টেট যেখানে উবার এমন একটি সেটেলমেন্ট করতে সম্মত হয়েছে যা অতীত ও ভবিষ্যৎ উভয় ক্ষেত্রে বেকার বীমা দায়বদ্ধতাকে স্বীকার করে।

"উবারের সাথে এই নজিরবিহীন সেটেলমেন্ট কর্মজীবী মানুষদের জন্য একটি শক্তিশালী বার্তা প্রদান করে: নিউ ইয়র্ক আপনাদের সাথে আছে," **গভর্নর হোকল বলেন।** "কর্মীদের পাশে দাঁড়ানো এবং তারা যাতে তাদের প্রাপ্য বেতন ও ভাতা পেতে পারে তা নিশ্চিত করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ। সেজন্য নিউ ইয়র্কের মানুষের পক্ষে একটি ন্যায্য সেটেলমেন্ট সফলভাবে নিশ্চিত করার জন্য আমাদের শ্রম বিভাগ এতো আগ্রাসীভাবে কাজ করেছে।"

চাকরিদাতারা স্টেটের UI ট্রাস্ট তহবিলে ত্রৈমাসিকভাবে অর্থ প্রদান করে, যা বেকার কর্মীদের ভাতা প্রদানের জন্য তহবিল তৈরি করে। বেকার বীমার উদ্দেশ্যে NYSDOL উবারের চালক ও কুরিয়ারদের চাকরিজীবী হিসেবে গণ্য করে; এবং উবার তাদেরকে স্বাধীন ঠিকাদার হিসেবে গণ্য করে। চাকরির দশার চরিত্রে যাই হোক না কেন, NYSDOL এবং উবার একমত হয়েছে যে বেকার ভাতার জন্য যোগ্য চালক ও কুরিয়ারদের তা পাওয়া উচিত, এবং তাদের পক্ষে উবারের উচিত স্টেটের UI ট্রাস্ট তহবিলে অবদান রাখা।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "কর্মীদের সুরক্ষা দান করা একটি শীর্ষ অগ্রাধিকার এবং উবারের চালক ও কুরিয়ারগণ যোগ্য হলে তাদের বেকার ভাতা পাওয়ার অধিকার রয়েছে, যার জন্য আমরা এই সেটেলমেন্টটি পেতে লড়াই করেছি।"

তাদের চালকদের সুরক্ষিত রাখা নিশ্চিত করতে আমাদের সাথে কাজ করার জন্য এবং এছাড়াও নিউ ইয়র্কের বেকার বীমা ট্রাস্ট তহবিল নিরাপদ রাখতে তাদের দায়িত্ব পালন করার জন্য আমি উবারের প্রশংসা করছি।"

উবার টেকনোলজিস, ইনকর্পোরেটেডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান আইন কর্মকর্তা টনি ওয়েস্ট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অগ্রগামী চিন্তার নেতৃত্বের কারণে, দেশে প্রথম হওয়া একটি চুক্তিতে NYSDOL এর সাথে উবার অংশীদারিত্ব করেছে, যা নিশ্চিত করবে যে চালকেরা তাদের জন্য মূল্যবান স্বাধীনতা ও নমনীয়তা উপভোগ করতে পারবে এবং একই সাথে গুরুত্বপূর্ণ সুরক্ষা পাওয়ার সুযোগ পাবে।"

অন্যান্য বিস্তারিত, যেমন সেটেলমেন্ট কত মার্কিন ডলারের হয়েছে তার মোট পরিমাণ, সর্বসমক্ষে প্রকাশ করা যাবে না কারণ ফেডারেল ও স্টেট আইন এবং প্রবিধান ব্যক্তিগত বেকার বীমা ডেটা প্রকাশকে সীমাবদ্ধ করে, যার মধ্যে রয়েছে একটি চাকরিদাতার বেকার বীমা অ্যাকাউন্ট সম্পর্কিত বিস্তারিত।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)